

শিক্ষা প্রতিষ্ঠানে প্রায় দেড় হাজার ল্যাপটপ দেয়া হচ্ছে

যাযাদি রিপোর্ট

শিক্ষা মন্ত্রণালয় ৬৬০টি শিক্ষা প্রতিষ্ঠানে ১ হাজার ৪১৪টি ল্যাপটপ বিতরণ করেছে। এর লক্ষ্য শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার উৎসাহিত মানোন্নয়ন এবং শিক্ষাকে তথ্য যোগাযোগের সঙ্গে সম্পৃক্তকরণ। এসব ল্যাপটপ নির্বাচন কমিশন সচিবালয়ের ডেটার আইডি কার্ড প্রকল্পে ব্যবহার করা হয়েছিল। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের (মাউশি) সভাকক্ষে মঙ্গলবার শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ ৪০টি প্রতিষ্ঠান প্রধানের কাছে ৮০টি ল্যাপটপ হস্তান্তর করেন। অনুষ্ঠানে শিক্ষা সচিব সৈয়দ আতাউর রহমান, মাউশির মহাপরিচালক প্রফেসর নোমান উর

রশীদ উপস্থিত ছিলেন। ২০০৮ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীর সংখ্যা ও পাসের হারের ভিত্তিতে উপজেলার সর্বোত্তম প্রতিষ্ঠানকে দুটি করে ল্যাপটপ প্রদান করা হচ্ছে। এছাড়া নারী শিক্ষার উন্নয়নের জন্য প্রতি জেলায় একটি করে সরকারি মহিলা কলেজ, ৪৮টি সরকারি পলিটেকনিক ইন্সটিটিউট ও ১৪টি সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজকে নির্বাচিত করা হয়েছে। দেশের প্রত্যন্ত অঞ্চলে যেখানে কম্পিউটার/ল্যাপটপ প্রদান করা সম্ভব হচ্ছে না সেসব শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীদের তথ্য প্রযুক্তি সম্পর্কে ধারণা দেয়ার লক্ষ্যে টিকিউআই প্রকল্পের মাধ্যমে ১৭টি আনুষঙ্গিক ল্যাপটপের তৈরি করা হবে। জানা গেছে, এসব ল্যাপটপ শিক্ষার্থীদের দক্ষ মানবসম্পদ তৈরি, বিশ্ব প্রতিযোগিতায় নিজেদের প্রস্তুত করা, শিক্ষার উন্নত মাধ্যম হিসেবে ব্যবহার এবং আধুনিক তথ্য যোগাযোগের সঙ্গে সম্পৃক্ত করার কাজে ব্যবহৃত হবে। দাপ্তরিক, ব্যক্তিগত বা বাণিজ্যিকভাবে ব্যবহার না করে প্রতিটি ল্যাপটপ শ্রেণীকক্ষে শিক্ষা দানের কাজে ব্যবহার করতে হবে। এসব প্রতিষ্ঠানের একজন শিক্ষককে ল্যাপটপের সর্বোত্তম ব্যবহার বিষয়ে প্রশিক্ষণ প্রদান এবং একটি করে সফটওয়্যার প্রদান করা হবে।



শিক্ষা ভবনে মঙ্গলবার শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ এসপি দেশের মাধ্যমিক বিদ্যালয়গুলোকে ল্যাপটপ প্রদান করছেন - ফোকাস বাংলা